



তারিখ: ২১.০৬.২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তির বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, দর্শন, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত বিষয়ে আগামী ২১.০৬.২০২২ তারিখ হতে ভর্তি কার্যক্রম শুরু হবে।

১। ভর্তির যোগ্যতা :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশিত ১ম মেধা তালিকায় বিষয়ভিত্তিক নির্বাচিত আবেদনকারীরা অনার্স ১ম বর্ষে ভর্তি হতে পারবে।

২। আবেদনের নিয়ম:

অনার্স ১ম বর্ষ কোর্সে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিম্নবর্ণিত website- এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে হবে:
www.nu.ac.bd/admissions

৩। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১ : Online এ আবেদন ফরম সঠিকভাবে পূরণপূর্বক Submit করে A4 সাইজের অফসেট কাগজে এর ০২ কপি প্রিন্ট আউট নিতে হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করতে চাইলে শিক্ষার্থীকে অনলাইন ফরমের নির্দিষ্ট ঘরে টিক চিহ্ন (✓) দিতে হবে। অন্যথায় পরবর্তীতে বিষয় পরিবর্তনের আর কোন সুযোগ থাকবে না। টিক চিহ্ন (✓) দিলে যদি বিষয় পরিবর্তন হয়, তবে প্রাপ্ত নতুন বিষয়টি আর পরিবর্তন করা যাবে না।

ধাপ-২ : ধাপ-১ এর প্রিন্ট কপির ০১ কপির নির্ধারিত স্থানে প্রার্থী তার স্বাক্ষর দিবে, ফরমের উপর ও নীচ উভয় অংশে রকেট (Biller ID : 4335, Biller Name: M.C.College Hons_Admission) এ টাকা জমাদানের রকেট ট্রানজেকশন নম্বর ও প্রার্থীর নিজের সচল মোবাইল নম্বর লিখতে হবে। উল্লেখ্য যে, Bill Number হবে শিক্ষার্থীর ভর্তির রোল নম্বর।

ধাপ-৩ : ধাপ-২ সম্পন্ন করার পর নিম্নোক্ত কাগজসমূহ স্ট্যাপলার দ্বারা সংযুক্ত করে একটি নির্দিষ্ট খামে সংরক্ষণ করতে হবে।

কাগজসমূহ:(ক) ধাপ-২ এর প্রিন্ট কপি (রকেট ট্রানজেকশন নম্বর, স্বাক্ষর ও মোবাইল নম্বর উল্লেখসহ)।

(খ) এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র।

(গ)এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (সত্যায়িত বিহীন)

(ঘ) প্রাথমিক অনলাইন আবেদনের সময় যে ছবি দেওয়া হয়েছিল তার পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি (সত্যায়িত বিহীন এবং ছবির পিছনে নাম, বিভাগ ও ভর্তি রোল নম্বর উল্লেখ থাকতে হবে।)

(উল্লেখ্য যে, এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র বিভাগে জমা দেওয়ার পূর্বে অবশ্যই ফটোকপি করে পরবর্তী প্রয়োজনীয় কাজের জন্য নিজের নিকট সংরক্ষণ করতে হবে।)

ধাপ-৪ : ধাপ-৩ এ প্রস্তুতকৃত খামটির উপরে নাম, বিভাগ, ভর্তি রোল নং, মোবাইল নম্বর এবং ঠিকানা লিখে নিম্নোক্ত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

স্ব স্ব বিভাগে ভর্তি ফর্মসহ যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার তারিখ ২১.০৬.২০২২ হতে ২৯.০৬.২০২২ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)

বি:দ্র:

১। ভর্তি ফি জমা দেয়ার সময়সূচি (শুধু ১ম মেধা তালিকার জন্য) : ২১.০৬.২০২২ থেকে ২৯.০৬.২০২২ তারিখ পর্যন্ত। উল্লেখ্য যে, রকেট এ ভর্তি ফিস এবং বিভাগে কাগজ জমা দেওয়ার সময়সীমা অনুসরণ না করলে যদি ভর্তি সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হয় তবে বিভাগ ও কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(Signature)

(Signature)

২। ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষের কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৭ জুন ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফর্ম উত্তোলন করতে হবে। ভর্তি বাতিল করলে ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় তা পুনঃবহাল করার কোন সুযোগ থাকবে না।

৩। ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরুর তারিখ ০৩ জুলাই ২০২২।

২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স ভর্তির বিষয়ভিত্তিক ফি

অনার্স বিষয়	জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ও সেশন ফি		সেমিনার ফি	মোট প্রদেয়	
	মুসলিম	অন্যান্য ধর্মাবলী		মুসলিম	অন্যান্য ধর্মাবলী
বাংলা, ইংরেজি, ইতিহাস, ই.স.ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান সমাজবিজ্ঞান, অর্থনীতি,	৩১৫৫/-	৩১৬০/-	১৬০০/-	৪৭৫৫/-	৪৭৬০/-
পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান পরিসংখ্যান, গণিত	৩২৫৫/-	৩২৬০/-	২২০০/-	৫৪৫৫/-	৫৪৬০/-

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইন আবেদনের শেষ তারিখ: ২৮.০৬.২০২২

রকেট এর মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ: ২৯.০৬.২০২২

স্ব স্ব বিভাগে ভর্তি ফর্মসহ যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২৯.০৬.২০২২

Rocket Biller ID : 4335, Biller Name: M.C.College Hons_ Admission

মুরারিচাঁদ
অধ্যক্ষ ২৩/৬/২০২২

মুরারিচাঁদ কলেজ, সিলেট

২০৬